মেহেরপুরে ইজতেমার নিরাপত্তায় জেলা পুলিশের বিশেষ ব্রিফিং প্যারেড

মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গণে আগামী ৫ থেকে ৭ নভেম্বর অনুষ্ঠিতব্য ইজতেমাকে কেন্দ্র করে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে জেলা পুলিশ। এ উপলক্ষে দায়িত্বে নিয়োজিত পুলিশ কর্মকর্তা ও সদস্যদের নিয়ে বিশেষ ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৪ নভেম্বর) পুলিশ লাইন্সের ড্রিল শেডে এ ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়। এতে ডিউটিতে মোতায়েনকৃত কর্মকর্তা ও পুলিশ সদস্যদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন মেহেরপুরের পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী, বিপিএম।

ব্রিফিংয়ে পুলিশ সুপার ইজতেমা ময়দান ও এর আশপাশের এলাকার নিরাপত্তা পরিকল্পনা সম্পর্কে পুলিশ সদস্যদের বিস্তারিত অবহিত করেন। এ সময় ইজতেমায় আগত ধর্মপ্রাণ মুসল্লিদের যাতায়াত নির্বিঘ্ন রাখা, ট্রাফিক ব্যবস্থাপনা, পকেটমার ও ছিনতাইকারী চক্রের তৎপরতা প্রতিরোধ এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা দেওয়া হয়।

এ ছাড়া যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবিলা, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং মুসল্লিদের নির্বিঘ্নে ইবাদত-বন্দেগি নিশ্চিত করতে দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালনের নির্দেশ দেন পুলিশ সুপার।

আগামী ৫ নভেম্বর থেকে ৭ নভেম্বর পর্যন্ত তিন দিনব্যাপী এ ইজতেমায় হাজারো ধর্মপ্রাণ মুসল্লির সমাগম হবে বলে আশা করা হচ্ছে। ইজতেমা সুশৃঙ্খল, শান্তিপূর্ণ ও নিরাপদ পরিবেশে সম্পন্ন করতে জেলা পুলিশের পক্ষ থেকে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।